

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৮৬

كتاب النكاح) अك. विवार व्यक्षां (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৪৮. দুধপানের কারণে যা হারাম হয়

بَابِ مَا يَحْرُمُ مِنْ الرَّضَاع

আরবী

أَخْبَرَنَا إِسْحَقُ حَدَّتَنَا رَوْحٌ حَدَّتَنَا مَالِكٌ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ أَنَّهَا كَانَتْ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَيْتِ حَفْصَةَ فَسَمِعَتْ صَوْتَ إِنْسَانٍ فِي بَيْتِكَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَوْتَ إِنْسَانٍ فِي بَيْتِكَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَوْتَ إِنْسَانٍ فِي بَيْتِكَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُرَاهُ فُلَانًا لِعَمِّ حَفْصَةَ مِنْ الرَّضَاعَةِ قَالَتْ عَائِشَةُ يَا رَسُولَ اللَّهِ وَسَلَّمَ أُرَاهُ فُلَانًا لِعَمِّ حَفْصَةَ مِنْ الرَّضَاعَةِ قَالَتْ عَائِشَةُ يَا رَسُولَ اللَّهِ وَلَانًا لِعَمِّ مَنْ الرَّضَاعَةِ دَخَلَ عَلَيَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرَاهُ فَلَانًا لِعَمِّ مَنْ الرَّضَاعَةِ دَخَلَ عَلَيَّ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرَاهُ فَكُرَاءً عَلَيْهِ وَسَلَّمَ نَعْمُ يَحْرُمُ مِنْ الرَّضَاعَةِ مَا يَحْرُمُ مِنْ الْولَادَةِ

বাংলা

২২৮৬. 'আয়িশাহ রাদিয়াল্লাভ্ আনভ্ হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর নিকট অবস্থান করছিলেন। এমন সময় তিনি জনৈক ব্যক্তির গলার আওয়াজ শুনতে পেলেন। 'আয়িশাহ রাদিয়াল্লাভ্ আনভ্ বলেন, হে আল্লাহর রাসূল! আপনার ঘরে (প্রবেশের অনুমতি প্রার্থী) একজন লোকের গলার আওয়াজ শুনতে পেলাম। তখন আল্লাহর রাসূল (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, "তাকে হাফসাহর অমুক দুধ চাচা বলে মনে হচ্ছে।" তখন 'আয়িশাহ রাদিয়াল্লাভ্ আনভ্ বললেন, আচ্ছা আমার অমুক দুধ চাচা যদি জীবিত থাকত তাহলে সে কি আমার ঘরে প্রবেশ করতে পারত? আল্লাহর রাসূল (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, "হাাঁ, পারত। কেননা, জন্মসূত্র যাদেরকে হারাম করে, দুধপানও তাকে হারাম করে।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ন: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: মালিক, রাদা'আ ১; বুখারী, শাহাদাত ২৬৪৬; মুসলিম, রাদা'আ ১৪৪৪।



আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৩৭৪ তে। পরবর্তী হাদীস দু'টিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন